

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪৭.২৫.

২১০-৬/৩

তারিখ:

০৬ ফাল্গুন ১৪৩২
২২ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব কামনাশীষ দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, গাজীপুর এর বিরুদ্ধে বিগত ১৫.১১.২০২৩ তারিখ হতে ৬০ (ষাট) দিনের উর্ধ্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরিক্ত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.৪৬৫.১২.১১৮৯(৪)-এ/৩, তারিখ: ১৪.০৮.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক পলায়নের (desertion) অভিযোগে ০২ (২৫-২৬) নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব কামনাশীষ দাস ১৬.১০.২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন, সে পরিপ্রেক্ষিতে বিগত ১১.০১.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৩। যেহেতু তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে অভিযুক্ত তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন;

০৪। যেহেতু তার জবাব ও শুনানি সন্তোষজনক নয়, পলায়নের অভিযোগ অর্থাৎ ১৫.১১.২০২৩ হতে ৩১.০১.২০২৬ পর্যন্ত desertion ছিল মর্মে প্রমাণিত;

০৫। যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব পর্যালোচনায় জনাব কামনাশীষ দাস এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মতে পলায়ন (desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তার দোষ স্বীকার এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুসরণে লঘুদণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু জনাব কামনাশীষ দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক পলায়ন (desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) (খ) উপবিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি ০৩ (তিন) বছরের জন্য স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো এবং অনুপস্থিত সময়কাল অর্থাৎ ১৫.১১.২০২৩ হতে ৩১.০১.২০২৬ পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। ভবিষ্যতে তিনি উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ ইসমাইল হোসেন
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪৭.২৫.

২১০/২(৫)-৬/৩

তারিখ:

০৬ ফাল্গুন ১৪৩২
২২ ফেব্রুয়ারি ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

- ১। যুগ্ম নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। জেলা সমবায় অফিসার, গাজীপুর।
- ৩। সহকারী নিবন্ধক (সমবায় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপজেলা সমবায় অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ৬। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ৭। জনাব কামনাশীষ দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, গাজীপুর।
- ৮। সংশ্লিষ্ট নথি।

মোঃ ইসমাইল হোসেন
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫